

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

সাভার, ঢাকা-১৩৪১

নং- ৩৩.০৫.২৬৭২.২০১.২৬.০২৬.১৭- ২০৮৬

তারিখঃ ২০-০৬-২০১৭


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা এর নিম্নে বর্ণিত স্থায়ী রাজস্ব খাতের পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	ক্যাশিয়ার বেতন গ্রেড-১৪	১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.কম. ডিগ্রী বা সমমানের ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২।	ফিল্ড এ্যাসিস্ট্যান্ট বেতন গ্রেড-১৪	১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩।	অফিস সহকারি কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন গ্রেড-১৬	২ (দুই) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং (খ) কম্পিউটারে টাইপিং এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দ।
৪।	এনিম্যাল এ্যাটেনডেন্ট বেতন গ্রেড-২০	১ (এক) টি	অষ্টম শ্রেণী পাস।

শর্তাবলিঃ

- আবেদনকারীকে সরকার নির্ধারিত সরকারি দপ্তরের শূন্যপদে নিয়োগের জন্য 'চাকুরির আবেদনের মডেল ফরম' A₁ সাইজ কাগজে পূরণ পূর্বক স্বাক্ষরসহ আগামী ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ১৬/০৭/২০১৭ খ্রিঃ তারিখে বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়সসীমার মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত এস এস সি/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ থেকে বয়স (৩০ বৎসর) গণনা করা হবে।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি সংযুক্ত করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার মূলকপি, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্র, স্ব স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর হতে নাগরিকত্ব সনদের মূলকপি উপস্থাপন করতে হবে।
- সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতি স্বাক্ষরিত) এবং প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার প্রমানকের মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক প্রতিপালিত হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচিত প্রার্থীকে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে ইচ্ছুক থাকতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন সময় পরীক্ষা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(ড. মোঃ আজহারুল ইসলাম তালুকদার)
অতিরিক্ত পরিচালক (সাপোর্ট সার্ভিস) (অঃ দাঃ)